
দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 JAN 1997
পৃষ্ঠা কলাম ৪




*কয়েকদিন যাবত ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার পর শনিবার মধুর ক্যান্টিনে সচেতন ছাত্রছাত্রীরা এই ব্যানারটি টাঙ্গিয়ে দেয় —জনকণ্ঠ*

## ছাত্রদল নেতৃবৃন্দের বক্তব্য

# প্রকাশিত খবর সত্য নয় ॥ কোন অভ্যন্তরীণ কোন্দল সৃষ্টি হয়নি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, ছাত্রদল বিশ্ববিদ্যালয়, শাখার আহ্বায়ক কমিটি গঠনকে কেন্দ্র করে কোন অভ্যন্তরীণ কোন্দল সৃষ্টি হয়নি। পত্র-পত্রিকা মিথ্যা খবর প্রকাশ করেছে উল্লেখ করে তাঁরা বলেন, ছাত্রদল সম্পর্কে যেসব খবর প্রকাশিত হচ্ছে তা মোটেও ঠিক নয়।

শনিবার ছাত্রদল আয়োজিত এক সমাবেশ নেতৃবৃন্দ একথা বলেন। তারা বলেন, ছাত্রদলে যে কোন কোন্দল নেই তার বড় প্রমাণ হচ্ছে সব হলের সব শ্রেণীর নেতা-কর্মী এ সমাবেশে উপস্থিত আছে। উল্লেখ্য, গত শুক্রবার রাতে বিএনপি'র ছাত্র বিষয়ক সম্পাদক আমান উল্লাহ আমানের মধ্যস্থতায় প্রতিপক্ষ দু'গ্রুপের মধ্যে সমঝোতা হয়। এ সমঝোতার পর শনিবার অপরাজেয় বাংলার সামনে আয়োজিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ অভ্যন্তরীণ কোন্দলের কথা পুরোপুরি অস্বীকার করেন। এমনকি গোলাগুলি ধাওয়া পাল্টাধাওয়া প্রভৃতি ঘটনার খবর প্রকাশিত হওয়ায় বিভিন্ন পত্রিকাকে অভিযুক্ত করেন। সমাবেশে বক্তৃতা করেন শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, হাবিব-উন নবী খান সোহেল, মনোয়ার হোসেন রানা, এবিএম মোশাররফ হোসেন, মনির হোসেন, নাসির উদ্দিন অসীম প্রমুখ।